**জনতা ব্যাংক পিএলসি.**
প্রধান কার্যালয়
ঢাকা।
www.jb.com.bd

**বিজনেস ডেভেলপমেন্ট মার্কেটিং ডিপার্টমেন্ট**

১৭ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ
তারিখ: ---------------------------
০২ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ

**নির্দেশ বিজ্ঞপ্তি নং- ১৩৫২/২৫**

সকল মহাব্যবস্থাপক/উপমহাব্যবস্থাপক
একান্ত সচিব, ব্যবস্থাপনা পরিচালক ও সকল উপব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক
জনতা ব্যাংক পিএলসি.
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/সকল স্টাফ কলেজ
লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/সকল এরিয়া অফিস/সকল শাখা
এবং সকল সাবসিডিয়ারী কোম্পানি।

**বিষয়: নতুন প্রজন্ম দ্বিগুণ মুনাফা স্কীম (NGDBS) (নির্দেশ বিজ্ঞপ্তি নম্বর-১৩১০/২৫, তারিখঃ ০২/০১/২০২৫)-এর সংশোধনী (মেয়াদ বৃদ্ধি ও সুদের হার হ্রাস) প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

নতুন প্রজন্ম দ্বিগুণ মুনাফা স্কীম (NGDBS) বিষয়ক নির্দেশ বিজ্ঞপ্তি নম্বর-১৩১০/২৫ তারিখঃ ০২/০১/২০২৫ ও নির্দেশ বিজ্ঞপ্তি নম্বর-১৩৩৩/২৫ তারিখঃ ২৯/০৫/২০২৫ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা হলো।

২.০ ব্যাংকের তারল্য সংকট মোকাবেলার জন্য গত ০২/০১/২০২৫ তারিখের নির্দেশ বিজ্ঞপ্তি নং-১৩১০/২৫ এর মাধ্যমে অত্র ব্যাংকে নতুন প্রজন্ম দ্বিগুণ মুনাফা স্কীম (NGDBS) চালু করা হয়।

৩.০ বর্তমানে ব্যাংকের তারল্য সংকট অনেকাংশেই দূরীভূত হয়েছে। এ প্রেক্ষিতে পরিচালনা পর্ষদের গত ১৬/০৯/২০২৫ তারিখে অনুষ্ঠিত ৮৫৯তম সভায় নতুন প্রজন্ম দ্বিগুণ মুনাফা স্কীমের মেয়াদকাল বৃদ্ধি করা এবং সুদের হার হ্রাস করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৪.০ নতুন প্রজন্ম দ্বিগুণ মুনাফা স্কীম (NGDBS)-এর পরিবর্তিত মেয়াদ ও সুদের হার নিম্নরূপঃ

| নির্দেশ বিজ্ঞপ্তি নম্বর | বর্তমান মেয়াদ ও সুদের হার | পরিবর্তিত মেয়াদ ও সুদের হার | বিশেষ নির্দেশনা |
|---|---|---|---|
| ১৩১০/২৫ (০২/০১/২০২৫) | ৬ বছর ৬ মাস ১১.২৩% | ৭ বছর ১০.৪১% | ইতোপূর্বে খোলা হিসাবসমূহের মেয়াদ ও সুদের হার অপরিবর্তিত থাকবে। |

এমতাবস্থায়, পরিবর্তিত নীতিমালায় গ্রাহকদের সুযোগ সুবিধা সম্পর্কে মাঠ পর্যায়ে প্রচার প্রচারণা কার্যক্রম পরিচালনা এবং অধিক সংখ্যক হিসাব খোলার মাধ্যমে আমানত বৃদ্ধি বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকল পর্যায়ের নির্বাহী, কর্মকর্তা ও কর্মচারিবৃন্দকে পরামর্শ প্রদান করা হলো। নতুন প্রজন্ম দ্বিগুণ মুনাফা স্কীম (NGDBS)-এর ৭ বছর মেয়াদ ও ১০.৪১% সুদহার ১৮/০৯/২০২৫ তারিখ হতে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

১৭/৯/২৫

মোহাম্মদ রিয়াজ হোসেন ফেরদৌস
উপমহাব্যবস্থাপক

17.09.25

মোঃ আব্দুল মতিন
মহাব্যবস্থাপক